মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং-বশিবো/নিব:/এসএসসি/২০২৫/১৬৮ তারিখ: ১৭.০৯.২০২৫খ্রি.

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের (এসএসসি পরীক্ষা-২০২৬) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড বিতরণ সংক্রান্ত**

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/ প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের (এসএসসি পরীক্ষা-২০২৬) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বিতরণ করা হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ প্রাধিকারপ্রাপ্ত শিক্ষককে যথাসময়ে নিবন্ধন কার্ড গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল।

| ক্র:নং | উপজেলার নাম | বিতরণের তারিখ | সময়সূচি | বিতরণের স্থান |
|---|---|---|---|---|
| ০১ | ভোলা ও ঝালকাঠি | ২১.০৯.২০২৫ | সকাল ০৯টা থেকে বেলা ২:০০মি: পর্যন্ত | বরিশাল শিক্ষাবোর্ড কক্ষ নং ৩০২ |
| ০২ | বরগুনা | ২২.০৯.২০২৫ | | |
| ০৩ | পটুয়াখালী | ২৩.০৯.২০২৫ | | |
| ০৪ | বরিশাল | ২৪.০৯.২০২৫ | | |
| ০৫ | পিরোজপুর | ২৫.০৯.২০২৫ | | |

০১। নিবন্ধন কার্ড গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান সংযুক্ত ফরমে আবেদন করবেন। প্রতিষ্ঠান প্রধান অনিবার্য কারণে নিবন্ধন কার্ড গ্রহণ করতে না পারলে তার প্রাধিকারপ্রাপ্ত সহকারি প্রধান শিক্ষক/ ন্যূনতম একজন সহকারি শিক্ষককে অগ্রায়ণপত্র দিয়ে প্রেরণ করবেন।

০২। ৭০০ কিংবা ১০০০ এর অধিক শিক্ষার্থী ভর্তি করা হয়েছে এমন বিদ্যালয়সমূহকে নির্ধারিত ফি (বকেয়াসহ) পরিশোধ করতে হবে।

০৩। বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি হাল নাগাদ ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত এর ছায়ালিপি দাখিল করতে হবে।

০৪। যে সকল বিদ্যালয়ে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ, কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান এবং অন্য কোন ঐচ্ছিক বিষয়ের (যদি থাকে) স্থায়ী অনুমতি নাই তাদের নির্ধারিত ফি (বকেয়াসহ) হালনাগাদ পরিশোধ করতে হবে। উল্লেখ্য ব্যবসায় লিপি/বাণিজ্য লিপি কিংবা কারবার পদ্ধতি ও বাণিজ্যিক ভূগোল এর অনুমতিকে ব্যবসায় শিক্ষা বিভাগের স্থায়ী অনুমতি হিসেবে ধরা হবে না। অনুরূপভাবে বিজ্ঞান বিভাগের যে কোন বিষয়ের অনুমতি কোন ভাবেই বিজ্ঞান বিভাগের স্থায়ী অনুমতি বুঝাবে না। উক্ত শাখা ও বিষয়ের ১ম অনুমতি ও সর্বশেষ নবায়ন-এর ছায়ালিপি দাখিল করতে হবে। উল্লেখ্য, উক্ত ফি অনলাইনে পরিশোধ করতে হবে।

০৫। যে সকল বিদ্যালয় স্থায়ী স্বীকৃতিপ্রাপ্ত তাদেরকে বাৎসরিক স্থায়ী স্বীকৃতি সংরক্ষণ ফি (বকেয়াসহ) হালনাগাদ করতে হবে। ১ম স্থায়ী স্বীকৃতির প্রমাণপত্র ও সর্বশেষ সংরক্ষণ ফি দাখিলের হালনাগাদের ছায়ালিপি দাখিল কতে হবে।

০৬। কোন শিক্ষার্থীর জেএসসি নিবন্ধনে বয়স, নিজ নাম, পিতা ও মাতার নাম বোর্ডের নাম ও বয়স সংশোধন শাখা থেকে হয়ে থাকলে তার ছায়ালিপি দাখিল সাপেক্ষে ৮০০/- ফি দিয়ে এসএসসি নিবন্ধন সংশোধন করা যাবে।

০৭। প্রয়োজনীয় সংশোধনের (ফ্রেসসহ) সর্বশেষ সময়সীমা ১২.১০.২০২৫খ্রি পর্যন্ত। সংশোধনের বিষয় ও ফি নিম্নরূপ:

| সংশোধনের বিবরণ | ফি (জনপ্রতি) |
|---|---|
| বিভাগ পরিবর্তন | ৮০০/- |
| বিষয় পরিবর্তন, ছবি পরিবর্তন, শ্রেণি রোল, সেকশন, সিফ্‌ট, সেক্স, মিডিয়াম ইত্যাদি | ৫০০/- |

০৮। নিবন্ধন কার্ড গ্রহণের অনধিক ০৫(পাঁচ) দিনের মধ্যে শিক্ষার্থীদের মধ্যে নিবন্ধন কার্ড বিতরণ করতে হবে। এতদসংগে সংযুক্ত ছক মোতাবেক তথ্য পূরণ করে ১২.১০.২০২৫ তারিখের মধ্যে বোর্ডের বিদ্যালয় পরিদর্শকের কাছে জমা দিতে হবে এবং এক সেট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

০৯ নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন কার্ড গ্রহণ না করলে প্রতিদিনের জন্য ২০০/-(দুইশত) টাকা হারে বিলম্ব ফি দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ করতে হবে।

বি:দ্র: ২০০১ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত বকেয়া গণনা করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

17.09.2025

(অধ্যাপক মো: রফিকুল ইসলাম খান-০০০১০৬০৪)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।
e-mail : barisalboard@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ/মাধ্যমিক বিদ্যালয়।

বিতরণ:

০২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৪। হিসাব রক্ষণকর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
০৭। সিস্টেম এ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৮। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৯। সংরক্ষণ কপি।

## নমুনা আবেদন ফরম

বিদ্যালয়ের নাম :-----------------------------------------------------------------------------------

EIIN :------------------------------- কেন্দ্র কোড :----------------------

ডাকঘর :----------------------------উপজেলা:------------------------------জেলা:--------------------------

**বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের (এসএসসি পরীক্ষা-২০২৬) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড গ্রহণ।**

সূত্র : বশিবো/নিব:/এসএসসি/২০২৫/১৬৮, তারিখ : ১৭.০৯.২০২৫খ্রি.

মহোদয়

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে আমি নিম্নস্বাক্ষরকারী উপরোক্ত প্রতিষ্ঠানের পক্ষে নিবন্ধন কার্ড গ্রহণ করতে ইচ্ছুক। অতএব, উক্ত নিবন্ধন কার্ড যাতে পেতে পারি তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক

প্রধান শিক্ষক

..............................মাধ্যমিক বিদ্যালয়

..................................................

মোবাইল নং...................................

সীল

বি.দ্র: প্রতিষ্ঠান প্রধান অনিবার্য কারণে নিবন্ধন কার্ড গ্রহণ করতে না পারলে তার প্রাধিকারপ্রাপ্ত সহকারি প্রধান শিক্ষক/ ন্যূনতম একজন সহকারী শিক্ষককে প্রেরণ করবেন।

বোর্ড থেকে নিবন্ধন কার্ড গ্রহণ করার পর প্রতি শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড বিতরণ করতে হবে এবং নমুনা ছক মোতাবেক তথ্য পূরণ করে ১২.১০.২০২৫ তারিখের মধ্যে বোর্ডের বিদ্যালয় পরিদর্শকের কাছে জমা দিতে হবে ও এক সেট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

| ক্র:নং | শিক্ষার্থীর নাম | শ্রেণি রোল | বিভাগ | শিক্ষার্থীর স্বাক্ষর | শিক্ষার্থীর মোবাইল নম্বর | অধ্যক্ষ/প্রধান শিক্ষকের স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |